

এইচএসসি পরীক্ষা
দ্বিতীয় দিনে
অনুপস্থিত
৯২৭৫

নিজস্ব বার্তা পরিবেশক

এইচএসসি ও সমমানের পরীক্ষার দ্বিতীয় দিনে ১০টি শিক্ষা বোর্ডে মোট অনুপস্থিত ছিল ৯ হাজার ২৭৫ জন পরীক্ষার্থী। সবচেয়ে বেশি অনুপস্থিত ঢাকা শিক্ষা বোর্ডে ২ হাজার ১৬৫ জন। আর অসদুপায় অবলম্বনের মায়ে গতকাল মোট বহিষ্কার হয়েছে ৭২ জন পরীক্ষার্থী। সবচেয়ে বেশি বহিষ্কার হয়েছে কারিগরি শিক্ষা বোর্ডে ৩০ জন। কোন পরিদর্শক বহিষ্কার করেনি। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা থেকে এ তথ্য জানানো হয়।

অনুপস্থিত অন্য বোর্ডের পরীক্ষার্থীর মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডে ১ হাজার ১৮৬ জন, কুমিল্লা বোর্ডে ৮৮৩ জন, যশোর বোর্ডে ১ হাজার ২১৮ জন, চট্টগ্রাম বোর্ডে ৭২৬ জন, সিলেট বোর্ডে ৫৯৮ জন, বরিশাল বোর্ডে ৪৫৬ জন, দিনাজপুর বোর্ডে ৮১০ জন, মাদ্রাসা বোর্ডে ৪১০ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৮২৩ জন।

বহিষ্কৃত অন্যান্য বোর্ডের পরীক্ষার্থীর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের আট, রাজশাহীর এক, যশোরের পাঁচ, চট্টগ্রামের এক, বরিশালের সাত, দিনাজপুরের দুই ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৮ জন।

গতকাল আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে বাংলা (আবশ্যিক) ২য় পত্র, সহজ বাংলা ২য় পত্র, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি ২য় পত্র এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজি আবশ্যিক সব বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়।